

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
[www.fisheries.gov.bd](http://www.fisheries.gov.bd)

পত্র নং-৩৩.০২.০০০০.১১১.০২.০০৪.১৮- ২৩৯ (২০০)

তারিখঃ- ২৯/৫/২০১৮ খ্রি:

- ১। পরিচালক, .....
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ..... বিভাগ, .....
- ৩। অধ্যক্ষ, .....
- ৪। জেলা মৎস্য কর্মকর্তা, .....


বিষয়ঃ মানসম্মত মৎস্যবীজ ও পোনা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য স্থাপনা পুনর্বাসন ও উন্নয়ন প্রকল্প (২য় ধাপ) শীর্ষক নতুন উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন স্থাপনার প্রয়োজনীয় মেরামত/সংস্কার এবং নতুন কাজের সংক্ষিপ্ত প্রাক্কলন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মহোদয়ের পত্র নং-৩৩.০২.০০০০.১১৪.০৮.০৬৯.১৮-১৭৬ তারিখঃ-২৩/০৫/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানসম্মত মৎস্যবীজ ও পোনা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য স্থাপনা পুনর্বাসন ও উন্নয়ন প্রকল্প (২য় ধাপ) শীর্ষক নতুন উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়নের নিমিত্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ সূত্রস্থ স্মারকের মাধ্যমে একটি কমিটি গঠন করেছেন। উক্ত কমিটির ২৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখের সভায় মাঠ পর্যায় হতে উন্নয়ন উপযোগী বিদ্যমান ও প্রয়োজনীয় নতুন স্থাপনার তালিকা ও সংক্ষিপ্ত প্রাক্কলন সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আপনার আওতাধীন উন্নয়ন উপযোগী বিদ্যমান ও প্রয়োজনীয় নতুন স্থাপনার তালিকা ও সংক্ষিপ্ত প্রাক্কলন আগামী ১০/০৬/২০১৮ তারিখের মধ্যে মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ (মনোযোগঃ জনাব হেলাল উদ্দিন আহমেদ, সহকারী প্রকৌশলী-কক্ষ নং-৮২২, মৎস্য ভবন, ঢাকা) বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


  
(সরকারি তারিকুল আলম)  
নির্বাহী প্রকৌশলী (নিঃবেঃ)  
ও  
সভাপতি, ডিপিপি প্রণয়ন কমিটি।

পত্র নং-৩৩.০২.০০০০.১১১.০২.০০৪.১৮- ২৩৯ (২০০)/২ (৭৫)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

তারিখঃ- ২৯/৫/২০১৮ খ্রি

- ১। উপ-পরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ২। উপ-পরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, মানসম্মত মৎস্যবীজ ও পোনা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য স্থাপনা পুনর্বাসন ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৫। মৎস্যচাষ প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, ..... বিভাগ, .....
- ৬। উপসহকারী প্রকৌশলী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, .....

উন্নয়ন উপযোগী বিদ্যমান ও প্রয়োজনীয় নতুন স্থাপনার তালিকা ও সংক্ষিপ্ত প্রাক্কলন প্রস্তুত করণে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

  
নির্বাহী প্রকৌশলী (নিঃবেঃ)  
ও  
সভাপতি, ডিপিপি প্রণয়ন কমিটি।